

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৮, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩/২০ সেপ্টেম্বর ২০২৬

নং ৪৬.০০.০০০০.০৭০.১৮.০৩৬.১৯-৮৩৪—ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বিদ্যমান ২ নং ওয়ার্ডকে বিভক্ত করে আরো ০১টি নতুন ওয়ার্ড এবং বিদ্যমান ৬ নং ওয়ার্ডকে বিভক্ত করে আরো ০১টি নতুন ওয়ার্ড গঠন করার লক্ষ্যে প্রস্তাব পাওয়া গিয়েছে।

আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২৯ ধারা মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বিদ্যমান ২ নং ওয়ার্ডকে বিভক্ত করে আরো ০১টি নতুন ওয়ার্ড এবং বিদ্যমান ৬ নং ওয়ার্ডকে বিভক্ত করে আরো ০১টি নতুন ওয়ার্ড গঠন করার লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ২৭ অনুযায়ী সুপারিশসহ প্রতিবেদন দাখিলের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে সীমানা নির্ধারণ কর্মকর্তা এবং নিম্নোক্ত কর্মকর্তাগণকে সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হলো:

- | | |
|--|-------------------------------------|
| (১) প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা |
| (২) জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি | - সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা |
| (৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

জুয়েল রানা
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫৫৩৭)

মূল্য : টাকা ৪.০০